বাংলাদেশ ব্যাংক
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
প্রধান কার্যালয়
ঢাকা।

বিজ্ঞপ্তি নং-২০/২০২০

তারিখঃ ০৫ ফাল্গুন, ১৪২৬ / ১৮ ফেব্রুয়ারি, ২০২০

# নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি:, গাজীপুর এ নিম্নোক্ত পদসমূহে নির্ধারিত বেতনস্কেল এবং প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদিতে অস্থায়ীভাবে নিয়োগ/প্যানেল প্রস্তুতির নিমিত্তে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট থেকে online এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত পদসমূহে আবেদনের জন্য আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা, বেতনস্কেল, বয়স ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো:

| ক্রমিক নং | গ্রেড | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | ১৬ | সহকারী | ৪ (মুক্তিযোদ্ধা কোটায় ১টি সাধারণ কোটায় ৩টি) | ৯৩০০-২২৪৯০/- | সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগসহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ২ | ১৬ | ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর | ২ | ঐ | সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগসহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ৬ মাসের কম্পিউটার প্রশিক্ষণ থাকতে হবে। |
| ৩ | ১৬ | নিরাপত্তা সহকারী (মহিলা) | ১ | ঐ | সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগসহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। প্রতিরক্ষা/পুলিশ বাহিনীর নায়েক/সমমানের পদ হতে অবসরপ্রাপ্তদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৪ | ১৬ | নিরাপত্তা সহকারী (পুরুষ) | ৪ (মুক্তিযোদ্ধা কোটায় ১টি সাধারণ কোটায় ৩টি) | ঐ | সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগসহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। প্রতিরক্ষা/পুলিশ বাহিনীর নায়েক/সমমানের পদ হতে অবসরপ্রাপ্তদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৫ | ১৬ | টেকনিশিয়ান (পুর) | ১ (মুক্তিযোদ্ধা কোটায়) | ঐ | সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগসহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬ | ১৬ | টেকনিশিয়ান (মেকানিক্যাল ও ইলেকট্রিক্যাল) | ৪ (মুক্তিযোদ্ধা কোটায় ১টি সাধারণ কোটায় ৩টি) | ঐ | সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগসহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭ | ১৬ | টেকনিশিয়ান (ইউটিলিটি) | ১ | ঐ | সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগসহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৮ | ১৬ | টেকনিশিয়ান (অফসেট প্লেট মেকিং) | ১ | ঐ | গ্রাফিক আর্টস এ ডিপ্লোমা। |
| ৯ | ১৮ | ডিস্ট্রিবিউটর | ৩ (মুক্তিযোদ্ধা কোটায় ১টি সাধারণ কোটায় ২টি) | ৮৮০০-২১৩১০/- | ন্যূনতম ২য় বিভাগে এসএসসি/সমমান পাশ। |
| ১০ | ২০ | জুনিয়র টেকনিশিয়ান (অরিজিনেশন) | ১ | ৮২৫০-২০০১০/- | ন্যূনতম এসএসসি বা সমমান পাশ। সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি (ভোকেশনাল) অগ্রাধিকার পাবে। |
| ১১ | ২০ | জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল ও ইলেকট্রিক্যাল) | ৬ (৩+৩) | ঐ | ন্যূনতম এসএসসি বা সমমান পাশ। সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি (ভোকেশনাল) অগ্রাধিকার পাবে। |
| ১২ | ২০ | জুনিয়র টেকনিশিয়ান (অফসেট প্লেট মেকিং) | ১ | ঐ | ন্যূনতম এসএসসি বা সমমান পাশ। সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি (ভোকেশনাল) অগ্রাধিকার পাবে। |
| ১৩ | ২০ | জুনিয়র কেয়ারটেকার (পিয়ন-৪, সার্ভিস বয়-১) | ৫ (মুক্তিযোদ্ধা কোটায় ২টি সাধারণ কোটায় ৩টি) | ঐ | এসএসসি/সমমান পাশ। |

১। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং যথাক্রমে-শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শা:১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারণ করা হবে :

(ক) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে -

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে -

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/ বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/ বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/ বিভাগ |

চলমান পাতা-২

২। বয়স ( ১৮/০২/২০২০ তারিখে ) ঃ
ক) সর্বোচ্চ ৩০ বছর।
খ) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।
গ) 'নিরাপত্তা সহকারী (মহিলা)' এবং 'নিরাপত্তা সহকারী (পুরুষ)' পদে প্রতিরক্ষা/পুলিশ বাহিনীর নায়েক/সমমানের পদ হতে অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৪৫ বছর।
ঘ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৩। আগ্রহী প্রার্থীদেরকে ১৬/০৩/২০২০ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)- এর Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

৪। O' Level এবং A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Certificate of Equivalence), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Certificate of Equivalence) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৫। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

৬। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও শর্তাবলী ওয়েবসাইটে পাওয়া যাবে। Online এ আবেদন করার পর CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র Download করা এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।

৭। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

৮। চাকুরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৭নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনসহ মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৯। পদের সংখ্যা কম/বেশী হতে পারে।

১০। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে। Online আবেদনপত্রের নির্ধারিত স্থানে সম্প্রতি ল্যাবে তোলা পাসপোর্ট সাইজের ছবি এবং বল পয়েন্টে স্ব-হস্তে করা স্বাক্ষরের স্ক্যানিং ইমেজ সংযোজন করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১। প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে আবেদনের সময় স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় সেক্ষেত্রে উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৪। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১৫। ক্রমিক নং- ১, ৩, ৬, ১০, ও ১১ এ উল্লিখিত পদসমূহে ২০১৩ ও ২০১৬ সালে যে সকল প্রার্থী আবেদন করেছিলেন তাদের আবেদনপত্রসমূহ দাখিলকৃত বলে গণ্য হবে।

১৬। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সকল জেলার স্থায়ী বাসিন্দারা এবং সাধারণ জেলা কোটার ক্ষেত্রে ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর, কিশোরগঞ্জ,ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবন, কক্সবাজার, বি-বাড়ীয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।

১৭। উপযুক্ত কর্তৃপক্ষ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

(কাজী আকতারুল ইসলাম)
মহাব্যবস্থাপক